

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস জুড়ে নানা আয়োজন

ফারজানা আক্তার ●

■ ব্র্যাক বিশ্ববিদ্যালয়

সম্প্রতি ব্র্যাক বিশ্ববিদ্যালয় সাভার আবাসিক ক্যাম্পাসে অনুষ্ঠিত হলো Walking Through the Memory Lane. অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আইনুন নিশাত এবং বিশেষ অতিথি উপ-উপাচার্য প্রফেসর গোলাম সামদানী ফকির। এ সময় উপস্থিত ছিলেন অভিভাবকসহ ব্র্যাকের বিভিন্ন প্রকল্পের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকরা। আবাসিক ক্যাম্পাসের পাশে অবস্থিত ব্র্যাক সিডিএমের অডিটোরিয়ামে মনোরম পরিবেশে অনুষ্ঠানটি পরিবেশিত হয়। আবাসিক ক্যাম্পাসে পড়াশোনার পাশাপাশি ছাত্রছাত্রীরা যে বিভিন্ন কার্যক্রমের সঙ্গে জড়িত তা তারা তাদের দৃষ্টিনন্দন উপস্থাপনা ও পরিবেশনার মাধ্যমে তুলে ধরে।

■ ইউল্যাব

সম্প্রতি বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষে ইউল্যাব সোস্যাল ওয়েলফেয়ার ক্লাব থ্যালাসেমিয়া রোগের ভয়াল দিকগুলো আলোকপাত করা হয়। ইউল্যাব প্রাঙ্গণে ৪ দিনব্যাপী আলোকচিত্র প্রদর্শনীসহ স্বাস্থ্য সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়।

সকাল ১০টায় বিখ্যাত আলোকচিত্র শিল্পী নূর আলমের থ্যালাসেমিয়ায় হারিয়ে যাওয়া কিছু



আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন উপাচার্য

মানুষের স্মৃতি ও প্রতিনিয়ত সংগ্রাম করে বেঁচে থাকা কিছু যন্ত্রণাকাতর আলোকচিত্র নিয়ে ৪ দিনব্যাপী আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ইমরান রহমান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিখ্যাত আলোকচিত্র শিল্পী নূর আলম, সাংবাদিক যাইদি ইসলাম, আলোকচিত্র সাংবাদিক-নাসির আলী মামুন এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষক ও ছাত্রছাত্রী।

■ নর্দান ইউনিভার্সিটি

নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশের (এনইউবি) ইংরেজি বিভাগের সাহিত্য ক্লাব 'ক্রসরোডস'-এর উদ্যোগে সম্প্রতি এনইউবি সিটি ক্যাম্পাসে 'স্বাস্থ্য ও দীর্ঘায়ুর রহস্য' শীর্ষক বইয়ের প্রকাশনা উৎসব অনুষ্ঠিত হয়। উৎসবে প্রধান অতিথি হিসেবে এনইউবি ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. এম. শামসুল হক উপস্থিত ছিলেন।